যুক্তরাষ্ট্রে বন্দুকধারীর গুলিতে নিহত ৪

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে বন্দুকধারীর গুলিতে অন্তত চারজন নিহত ও ছয়জন আহত হয়েছেন।

রোববার (১৭ নভেম্বর) রাতে ফুটবল খেলা দেখার একটি অনুষ্ঠানে এ ঘটনা ঘটে।

লেফটেন্যান্ট বিল ডুলির বরাতে আন্তর্জাতিক সংবাদমাধ্যম জানায়, ক্যালিফোর্নিয়ার ফ্রেসনো শহরে একটি বাড়ির উঠানে পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে ফুটবল খেলা দেখছিলেন কয়েকজন। হঠাৎ অজ্ঞাত এক ব্যক্তি এসে গুলি শুরু করলে ১০ জন গুলিবিদ্ধ হন।

রোববার রাত ৮টার দিকে একাধিক ফোনকল পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। ফ্রেসনো পুলিশের ডেপুটি চিফ মাইকেল রেইড জানান, ২৫ থেকে ৩০ বয়সী চারজন গুলিবিদ্ধ হয়ে মারা গেছেন। অন্য ছয়জনকে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়েছে।

তিনি জানান, ওই ঘরে অন্তত ৩৫ জন ফুটবল খেলা দেখছিলেন। তখন এক বন্দুকধারী হেঁটে এসে গুলি চালাতে শুরু করে। হামলাকারী গুলিবিদ্ধ কাউকে আগে থেকে চিনতেন বলে প্রমাণ পাওয়া যায়নি।

রেইড বলেন, অনর্থক এই হত্যাযজ্ঞে নিহতদের পরিবারের জন্য আমি শোকাহত। অপরাধীকে খুঁজে বের করে শাস্তি দিতে আমরা সব ধরনের চেষ্টা করবো।

বন্দুকধারীর কোনো তথ্য এখনো পাওয়া যায়নি বলে জানান বিল ডুলি। বাড়ি বাড়ি গিয়ে সিসিটিভি ফুটেজ ও তথ্য জোগাড়ের চেষ্টা করছে পুলিশ।